

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ১৬

আরবি মূল আয়াত:

مُتَّكِئِينَ عَلَيْهَا مُتَقَابِلِينَ ﴿١٦﴾

অনুবাদসমূহ:

তারা সেখানে হেলান দিয়ে আসীন থাকবে মুখোমুখি অবস্থায়। — আল-বায়ান

তাতে তারা হেলান দিয়ে বসবে পরস্পর মুখোমুখি হয়ে। — তাইসিরুল

তারা হেলান দিয়ে বসবে, পরস্পর মুখোমুখি হয়ে। — মুজিবুর রহমান

Reclining on them, facing each other. — Sahih International

১৬. তারা হেলান দিয়ে বসবে, পরস্পর মুখোমুখি হয়ে।(১)

(১) উপরোক্ত দু আয়াতে জালালের আসনসমূহ কেমন হবে তার বর্ণনা দেয়া হয়েছে। বিশেষ করে নৈকট্যপ্রাপ্তদের আসন কেমন হবে তার বর্ণনা এসেছে। জালালের অট্টালিকাসমূহ, তার বাগানসমূহে বসার জায়গা কিভাবে চিত্তাকর্ষকভাবে সাজানো হয়েছে পবিত্র কুরআনের বিভিন্নস্থানে তার বিবরণ এসেছে। এ আয়াতসমূহে মহান আল্লাহ বলেন, “স্বর্ণ-খচিত আসনে, ওরা হেলান দিয়ে বসবে, পরস্পর মুখোমুখি হয়ে” অন্যত্র বলেন, “উন্নত মর্যাদা সম্পন্ন শয্যা, প্রস্তুত থাকবে পানিপাত্র, সারি সারি উপাধান, এবং বিছানা গালিচা;” [সূরা আল-গাসিয়াহ: ১৩-১৬] আরও বলেন, “সেখানে তারা হেলান দিয়ে বসবে পুরু রেশমের আস্তর বিশিষ্ট ফরাশে, দুই উদ্যানের ফল হবে কাছাকাছি।” [সূরা আর-রাহমান: ৫৪] আরও বলেন, “তারা বসবে শ্রেণীবদ্ধভাবে সজ্জিত আসনে হেলান দিয়ে; আমি তাদের মিলন ঘটাব আয়তলোচনা হূরের সংগে;” [সূরা আত-তুর: ২০] এভাবে ঠেস লাগিয়ে বসে তারা পরস্পর ভাই ভাই হিসেবে অবস্থান করবে। মহান আল্লাহ বলেন, “আর আমরা তাদের আস্তর হতে বিদ্রোহ দূর করব; তারা ভাইয়ের মত পরস্পর মুখোমুখি হয়ে আসনে অবস্থান করবে,” [সূরা আল-হিজর: ৪৭] “ওরা হেলান দিয়ে বসবে সবুজ তাকিয়ায় ও সুন্দর গালিচার উপরে।” [সূরা আর-রাহমান: ৭৬], “সেখানে সমাসীন হবে সুসজ্জিত আসনে; কত সুন্দর পুরস্কার ও উত্তম আশ্রয়স্থল!” [সূরা আল কাহাফ: ৩১]

তফসীরে জাকারিয়া

(১৬) তারা আসনে হেলান দিয়ে বসবে, পরস্পর মুখোমুখি হয়ে।[1]

[1] مُنْمِثَةٌ, খচিত। অর্থাৎ, উল্লিখিত জালাতীরা সোনার তার দিয়ে তৈরী করা এবং সোনা-মণি-রত্ন খচিত আসনে পরস্পরের মুখোমুখি হয়ে বালিশের উপর হেলান দিয়ে বসবে। অর্থাৎ, সামনা-সামনি, পরস্পর পিছন করে

নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4995>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন